



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮

০৮ ফেব্রুয়ারি ২০২৪
তারিখ: -----
২৫ মাঘ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণ প্রসঙ্গে

দেশের সর্বস্তরের জনগণকে বিশেষ করে বয়স্ক জনগোষ্ঠীকে টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা বলয়ের আওতাভুক্ত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৩১ জানুয়ারি ২০২৩ তারিখে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ এবং ১৩ আগস্ট ২০২৩ তারিখে সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা, ২০২৩ প্রণয়ন করেছে।

২। সর্বজনীন পেনশন স্কিমে বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী বা উক্ত প্রতিষ্ঠানের মালিক, অনানুষ্ঠানিক খাতে কর্মরত বা স্বকর্মে নিয়োজিত ব্যক্তিগণ, দারিদ্র্য সীমার নিম্নে বসবাসকারী স্বল্প আয়ের ব্যক্তিগণ এবং বিদেশে কর্মরত বা অবস্থানকারী যে কোন বাংলাদেশী নাগরিকের অংশগ্রহণের সুযোগ রয়েছে।

৩। এক্ষেত্রে, দেশের সর্বস্তরের জনগণকে একটি টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা বলয়ে অন্তর্ভুক্তির উদ্দেশ্যে পূরণকল্পে আপনাদের ব্যাংকে (রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংক ব্যতীত) কর্মরত কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২